দর্শনায় সাধারন সম্পাদক প্রার্থী নফরের সাংগঠনিক কার্যালয়ের শুভ উদ্ধোধন

দর্শনায় কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীন নফরের সাংগঠনিক কার্যালয়ের শুভ উদ্ধোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল ৪ টায় দর্শনা কেরুজ পৃজা মন্দিরের পাশে এ সাংগঠনিক কার্যালয়ের শুভ উদ্ধোধন অনুষ্টিত হয়।

এ উদ্ধোধন অনুষ্ঠানে দর্শনা কেরু এ্যান্ড কোম্পানির ডিষ্টিলারী বিভাগের ফিটার আনারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক পদপ্রার্থী জয়নাল আবেদীন নফর, তিনি বলেন আমি নতুন প্রার্থী হলেও সকলে আমাকে চেনেন বা জানেন। আপনারা আমাকে নির্বাচিত করলে শ্রমিকদের স্বার্থে যা,যা করার দরকার আমি তাই করবো। এ মিলে নিয়োগ প্রক্রিয়া ফিরিয়ে আনবো এবং এ মিলের শ্রমিকরা বহুদিন ধরে চুক্তি ভিত্তিক হিসাবে কাজ করছে তাদের চাকুরী স্থায়ী করনের ব্যাবস্থা করবো। আমি ক্ষমতায় এলে শ্রমিকদের সবসময় পাশে থাকার চেষ্টা করবো।

এ সময় পরিবহন বিভাগের ইয়াসির আরাফাত মিলনের উপস্থাপনায় শ্রমিকদের মধ্যে বক্তব্যে রাখেন, বিদুৎ বিভাগের মনিরুল ইসলাম ঝন্টু, কেরু বিভাগের সুপার ল্যাবের সোলাইমান কবির, পরিবহন বিভাগের সাবেক মেম্বার বাবুল আক্তার, পরিবহন বিভাগের সানোয়ার হোসেন, পরিবহন বিভাগের সাইফুল ইসলাম হুকুম, পরিবহন টারবাইনের আব্দুল হান্নান, পরিবহন বিভাগের ওয়েল্ডার সাগর হোসেন, আব্দুল মজিদ, ইক্ষু বিভাগের জুলহাস, ফার্মের করনিক রশিদুল, আকরাম হোসেন, খদিমুল বাসার শাবান, ইলেকট্রিশিয়ান আব্দুল করিম, সাবেক সহসভাপতি অবসরপ্রাপ্ত শ্রমিক ফারুক আহম্মেদ, প্রমুখ।